

উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ নোয়াখালী এর কর্ম – পরিবেশ উন্নয়ন পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি সংক্রান্ত কমিটির

সভার কার্যবিবরণী


আহ্বায়কঃ জনাব স্মৃতি প্রভা নন্দী  
উপজেলা সমবায় অফিসার  
বেগমগঞ্জ, নোয়াখালী।

সভার তারিখঃ ০৩-০৯-২০২৩খ্রি.

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষরঃ

ক্রঃনং	সদস্যগণের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব স্মৃতি প্রভা নন্দী উপজেলা সমবায় অফিসার বেগমগঞ্জ, নোয়াখালী।	আহ্বায়ক	
০২	সুদেব কুমার রায় সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বেগমগঞ্জ, নোয়াখালী।	সদস্য	
০৩	সুজন চন্দ্র মজুমদার সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বেগমগঞ্জ, নোয়াখালী	সদস্য সচিব	

অধ্যকার সভা কমিটির আহ্বায়ক জনাব স্মৃতি প্রভা নন্দী, উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং সদস্য সচিব কে শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনার সূচক ১.৪) কর্ম পরিবেশ উন্নয়ন পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত কমিটির সভা পরিচালনার জন্য আহ্বান করা হয়।

সভায় সদস্য সচিব শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর সূচক ১.৪) কর্ম পরিবেশ উন্নয়ন পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম সমূহ সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা	আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন
১.৪) কর্ম-পরিবেশ উন্নয়ন পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি	১. অফিস কক্ষ, অফিস আঞ্জিনা এবং টয়লেট/ ওয়াশরুম পরিষ্কার-পরিচ্ছন্ন নিশ্চিতকরণ সংক্রান্ত চেকলিস্টের কপি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ছবি	সংখ্যা ও তারিখ	২টি ও ৩১.১২.২৩ ৩০.৬.২৪	আলোচ্য বর্ষে ০৩.৯.২০২৩ তারিখের মধ্যে উপজেলার কর্ম-পরিবেশ উন্নয়ন পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়। ১) সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রতিদিন রুচিসম্মত পোষাক পরিধান করে অফিসে আসতে হবে। ২) স্ব-স্ব অফিস কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্বরোপ করতে হবে। ৩) যথাসময়ে অফিসে হাজিরা নিশ্চিত করতে হবে। ৪) যার যার উপর ন্যস্ত অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করতে হবে। ৫) নির্ধারিত কাজ নির্ধারিত সময়ে দ্রুত সম্পন্ন করতে হবে। ৬) অফিসে ব্যবহৃত টয়লেটে নিয়মিতভাবে ধৌত করতে হবে। ৭) অফিসের প্রতিটি টয়লেটে হ্যান্ডওয়াশের ব্যবস্থা করতে হবে। ৮) প্রতিদিন অফিসে উপস্থিতির পরপরই হাত জীবাণুমুক্তকরণের জন্য বেসিনের পাশে রক্ষিত হ্যান্ডওয়াশ দ্বারা ধৌত করতে হবে।

পরিশেষে সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০৩/০৯/২৩

(স্মৃতি প্রভা নন্দী)

উপজেলা সমবায় অফিসার

বেগমগঞ্জ, নোয়াখালী।